

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সরেজমিন উইং

মধ্য বিষ্টিং (৪র্থ তলা), খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং ৭৮২(৫৪)

তারিখ: ০২/০৮/২০২১

বিষয় : অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আশিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের প্রদর্শনার তথ্য প্রদান ও গণমাধ্যমে প্রচার প্রসঙ্গে।

সূত্র: কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০০.০০০০.০৫৫.৯৯.০১৫.২০২০.৪৬৮ তারিখ ০৫/০৫/২০২১ ও প্রকল্প দপ্তরে স্মারক নং-অনাবাদি/৭২ তারিখ ০৯/০৫/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীন অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আশিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পটি দেশের ৬৪ জেলার ৪৯২টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। মহামারি করোনা মোকাবেলায় পুষ্টি নিরাপত্তা অর্জন ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী যথাযথ প্রতিপালনের জন্য প্রকল্পের আওতায় প্রকল্প মেয়াদকালে প্রতিটি ইউনিয়ন/পৌরসভায় ১০০টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হবে।

প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরে উপজেলা পর্যায়ে ৮৩৫৬টি পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনী স্থাপনের জন্য বরাদ্দ প্রদান করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শতবার্ষিকী যথাযথ প্রতিপালনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী যে সকল গৃহহীনদের গৃহ দিয়েছেন তাদেরকে পারিবারিক পুষ্টিবাগানে অত্রভূক্ত করার জন্য কৃষি মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্পের আওতায় গৃহহীনদের জন্য নির্মিত গৃহে পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনী স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে কিনা তা জানা প্রয়োজন।

প্রকল্পের আওতায় গৃহহীনদের গৃহে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে কিনা, সেবিষয় তথ্যাদি প্রকল্প দপ্তরে প্রেরণ এবং পুষ্টিবাগান স্থাপনের সচিত্র প্রতিবেদন বহল প্রচারের করা প্রয়োজন।

এমতাবস্থায়, অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আশিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় গৃহহীনদের জন্য নির্মিত গৃহে পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনীর কার্যক্রমের তথ্যাদি প্রকল্প দপ্তরে প্রেরণ এবং প্রদর্শনীর তথ্যাদি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(এ কে এম মনিরুল আলম)
পরিচালক

বরাবর,

উপপরিচালক

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

.....(সকল)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আশিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্প

১ম বিষ্টিং (৭ম তলা), খামারবাড়ি

ফার্মগেট, ঢাকা-১২১৫।

উপরিউক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং প্রকল্পের তথ্যাদি প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্মারক নং- ইফনাপ/প্রদর্শনী/২০২১/৬০২

তারিখ : ০২/০৮/২০২১

অনুলিপিঃ তথ্যার্থে ও কার্যার্থে-

১। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (সকল)।

২। উপজেলা কৃষি অফিসার (সকল)।

৩। সংশ্লিষ্ট নথি।

(মহাম্মদ মাইদুর রহমান)

প্রকল্প পরিচালক

ফোনঃ ৫৫০২৮৪০১

ই-মেইলঃ cfihup.dac@gmail.com